

কলকাতা বিমানবন্দরে ফ্লাইট বাতিল, তুমুল হটগোল

- A Monitor Desk Report

Date: 25 January, 2025



কলকাতাঃ ঘন কুয়াশার কারণে নির্ধারিত সময়ের মাত্র ৫ মিনিট আগে দুটি ফ্লাইট বাতিলকে কেন্দ্র করে তুমুল হটগোলের সৃষ্টি হয় যাত্রীদের মধ্যে। পরে উড়োজাহাজ সংস্থাটির কর্মীদের ঘেরাও করে বিক্ষোভ করেন তারা।

শুক্রবার (২৪ জানুয়ারি) স্পাইসজেটের বাগডোগরা ও দিল্লিগামী দুটি ফ্লাইট বাতিলকে কেন্দ্র করে ঘটে এ ঘটনা।

জানা যায়, কলকাতা বিমানবন্দর থেকে ভোর ৫টা বাজে ছেড়ে যাওয়ার কথা ছিল বাগডোগরা ও দিল্লিগামী ফ্লাইট দুটি। সে অনুযায়ী সকালে যাত্রীদের বোর্ডিং পাস ইস্যু করে দেওয়া হয়। কিন্তু, দিল্লি বিমানবন্দরে ঘন কুয়াশার কারণ দেখিয়ে ফ্লাইট ওড়ার নির্ধারিত সময়ের ঠিক ৫ মিনিট আগে যাত্রীদের জানানো হয় তাদের ফ্লাইট আজ উড়বে না। এ ঘোষণা শুনতেই ক্ষুব্ধ হয়ে ওঠেন যাত্রীরা। বিকল্প উড়োজাহাজের ব্যবস্থা না করেই ফ্লাইট বাতিল করায় কর্মীদের ঘেরাও করে বিক্ষোভ করেন তারা।

যাত্রীদের প্রশ্ন, ফ্লাইট উড্ডয়ন যেহেতু সম্ভব না, তাহলে কেন বোর্ডিং পাস ইস্যু করা হলো এবং ফ্লাইট উড়বে না, তা আগে থেকে কেন এসএমএস করে জানানো হলো না।

এ নিয়ে স্পাইসজেট কর্তৃপক্ষ জানিয়েছে, ঘন কুয়াশার কারণে বাগডোগরাগামী বিমান দমদম বিমানবন্দরে অবতরণ করতে পারেনি। আর দিল্লি বিমানবন্দরে কুয়াশার কারণে কোন ফ্লাইট অবতরণ করতে পারছে না, তাই ফ্লাইট বাতিল করা হয়েছে।

-B